# বাংলাদেশ ব্যাংকের গভর্নর হিসেবে জনাব আব্দুর রউফ তালুকদার-এর নিয়োগপ্রাপ্তিতে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

বাংলাদেশ ব্যাংকের নতুন গভর্নর হিসেবে জনাব আব্দুর রউফ তালুকদার-এর নিয়োগপ্রাপ্তিতে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।


করোনা মহামারির মহাসংকটকালে বিশ্ব অর্থনীতি যখন স্তিমিত, তখন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জীবন ও জীবিকার সমন্বয় করে দেশকে যেভাবে নেতৃত্ব দিয়েছেন তা আজ বিশ্বে অনুকরণীয় ও প্রশংসনীয়। আর মাননীয় প্রধানমন্ত্রীর উদ্ভাবনী নেতৃত্ব ও দিক নির্দেশনায় করোনাকালীন দেশের অর্থনীতির ক্রান্তিকালে অর্থনীতি চাঙা করার জন্য বিভিন্ন প্রণোদনা প্যাকেজ তৈরি ও দেশের সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন অর্থ মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব জনাব আব্দুর রউফ তালুকদার। অর্থ মন্ত্রণালয়ের বিভিন্ন সংস্কার প্রক্রিয়া বিশেষ করে বাজেট সংস্কার, সামষ্টিক অর্থনৈতিক ব্যবস্থাপনা, অবসরভোগী সরকারি চাকুরেদের ইএফটির মাধ্যমে পেনশন প্রদান এবং সঞ্চয়পত্রের অটোমেশনে তাঁর গুরুত্বপূর্ণ ভূমিকা অনস্বীকার্য। তারই স্বীকৃতি হিসেবে ২০২১ সালে 'ন্যাশনাল ইন্টিগ্রিটি অ্যাওয়ার্ড' পান জনাব আব্দুর রউফ তালুকদার।

অর্থ মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব হিসেবে জনাব আব্দুর রউফ তালুকদার সর্বদা পুঁজিবাজারবান্ধব নেতৃত্ব প্রদান করেছেন। দেশের পুঁজিবাজারের ক্রমবর্ধমান বিকাশে তাঁর গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। 'বাংলাদেশ ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট কনফারেন্স-২০২১' শীর্ষক অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে ও প্যানেল আলোচক হিসেবে বক্তব্য রেখে তিনি পুঁজিবাজারের উন্নয়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা দিয়েছিলেন। আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের শেয়ারবাজারসহ অর্থনৈতিক বিভিন্ন খাতের সম্ভাবনা তুলে ধরার পাশাপাশি প্রবাসী বাংলাদেশি এবং বিদেশি বিনিয়োগ আকর্ষণে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক যুক্তরাষ্ট্র ও সুইজারল্যান্ডে আয়োজিত রোড শো'তে তিনি সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। বহির্বিশ্বে বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যের ইতিবাচক ব্রান্ডিং তুলে ধরতে আয়োজিত রোড শো-গুলোতে জনাব আব্দুর রউফ তালুকদার আন্তরিক অংশগ্রহণ দেশের পুঁজিবাজার তথা সামগ্রিক অর্থনীতির প্রতি তাঁর দায়বদ্ধতার প্রমাণ দেয়।

পুঁজিবাজারের উন্নয়নে দেশের আর্থিক খাতের প্রধান দুই নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর মধ্যে সমন্বয়ের কোন বিকল্প নেই। বাংলাদেশ ব্যাংকের গভর্নর হিসেবে জনাব আব্দুর রউফ তালুকদারের যোগ্য ও কুশলী নেতৃত্বে বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আরও ঘনিষ্ঠ ও নিবিড় সমন্বয়ের মাধ্যমে কাজ করবে এবং দেশের অর্থনীতিতে কার্যকরী ভূমিকা রাখবে বলে আমরা বিশ্বাস করি।

বিএসইসি বাংলাদেশ ব্যাংকের গভর্নর হিসেবে জনাব আব্দুর রউফ তালুকদার-এর উত্তরোত্তর সাফল্য ও মঙ্গল কামনা করে।

**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর পক্ষে,**




মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র (বিএসইসি)